# বৃহস্পতিবার জানা যাবে রাষ্ট্রপতি নির্বাচনে বিএনপির প্রার্থী



চিপ হুপ নুরুল ইসলাম। ছবি: সংগৃহীত

আসন্ন রাষ্ট্রপতি নির্বাচনে বিএনপির প্রার্থীর নাম আগামী বৃহস্পতিবার (১৩ আগস্ট) ঘোষণা করা হবে বলে জানিয়েছেন দলের চিফ হুইপ নুরুল ইসলাম মণি। তিনি জানান, দলের সংসদ নেতা ও প্রধানমন্ত্রী তারেক রহমান প্রার্থীর নাম ঘোষণা করবেন।

মঙ্গলবার (১১ আগস্ট) রাষ্ট্রপতি নির্বাচন আয়োজনের বিভিন্ন বিষয় নিয়ে ভারপ্রাপ্ত স্পিকারের সঙ্গে নির্বাচন কমিশনের সচিবের বৈঠক হয়। বৈঠক শেষে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে চিফ হুইপ এ তথ্য জানান। তিনি বলেন, রাষ্ট্রপতি নির্বাচনের জন্য জাতীয় সংসদের বিশেষ কোনো অধিবেশন ডাকার পরিকল্পনা নেই। নির্বাচন কমিশন এ বিষয়ে প্রয়োজনীয় বৈঠক করবে।

সংসদ সদস্যদের ভোট দেওয়ার বিষয়ে নুরুল ইসলাম মণি বলেন, সংবিধানের ৭০ অনুচ্ছেদ অনুযায়ী কোনো সংসদ সদস্য নিজ দলের সিদ্ধান্তের বাইরে গিয়ে ভোট দিতে পারবেন না। তবে স্বাক্ষরিত জুলাই সনদ বাস্তবায়ন হলে ভবিষ্যতে রাষ্ট্রপতি নির্বাচনে সংসদ সদস্যদের ভোট দেওয়ার ক্ষেত্রে স্বাধীনতা তৈরি হবে বলেও মন্তব্য করেন তিনি।

বৈঠক শেষে বিরোধী দলের চিফ হুইপ নাহিদ ইসলাম জুলাই সনদ বাস্তবায়ন নিয়ে ভিন্নমত তুলে ধরেন। তিনি বলেন, জুলাই সনদ অনুযায়ী রাষ্ট্রপতি নির্বাচন হলে সংসদ সদস্যদের ভোট দেওয়ার স্বাধীনতা নিশ্চিত হওয়ার পাশাপাশি রাষ্ট্রপতির ক্ষমতাও বাড়ার সুযোগ ছিল। কিন্তু সরকার সনদ বাস্তবায়নের কথা বললেও ধীরে ধীরে বিভিন্ন ক্ষেত্রে আগের ব্যবস্থাই ফিরে আসছে।

নাহিদ ইসলাম আরও বলেন, সংসদ সদস্যদের স্বাধীনভাবে ভোট দেওয়ার সুযোগ সীমিত হওয়ায় তারা উদ্বিগ্ন। সরকারের বর্তমান অবস্থান দেখে জুলাই সনদ বাস্তবায়ন নিয়ে ইতিবাচক কোনো স্পষ্ট বার্তা পাওয়া যাচ্ছে না বলেও মন্তব্য করেন তিনি।